# মন্ত্রিপরিষদ বিভাগের মার্চ ২০২৫ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: মার্চ ২০২৫ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১৭ এপ্রিল ২০২৫

**(১) প্রশাসনিক:**

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ** | ৪১৭ | ২৮০ | ১৩৭ |
| অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন** | ২,০৯৮ | ১,১২০ | ৯৭৮ |
| **মোট** | ২,৫১৫ | ১,৪০০ | ১,১১৫ |

ক. ২ শূন্যপদের বিন্যাস

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | ২ | - | ৪২ | ১৬ | ৪৮ | ২৯ | ১৩৭ |
| **দুর্নীতি দমন কমিশন** | - | - | ২৮১ | ২০৯ | ২৮৪ | ২০৪ | ৯৭৮ |
| **মোট** | ২ | - | ৩২৩ | ২২৫ | ৩৩২ | ২৩৩ | ১,১১৫ |

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | মার্চ মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | - | ১ | ১ | - | - | - | প্রশাসনিক কর্মকর্তা ১ জন |
| **দুর্নীতি দমন কমিশন** | ৭ | ১২ | ১৯ | - | - | - | উপসহকারী পরিচালক ৭ জন, হিসাব রক্ষক ১ জন এবং কোর্ট সহকারী (এএসআই) ১১ জন |

ক. ৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

| **মন্ত্রিপরিষদ বিভাগ** | মন্ত্রিপরিষদ সচিব | | মন্তব্য |
|---|---|---|---|
| | দেশে | বিদেশে | |
| ভ্রমণ/পরিদর্শন | ১ | - | ২৬ মার্চ ২০২৫ তারিখ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ উপলক্ষ্যে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | |
| **দুর্নীতি দমন কমিশন** | সচিব | | মন্তব্য |
| | দেশে | বিদেশে | |
| ভ্রমণ/পরিদর্শন | | - | |

খ. ২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

**(২) আইন-শৃঙ্খলা বিষয়ক:** প্রযোজ্য নয়।

**(৩) অর্থনৈতিক :** প্রযোজ্য নয়।

**(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:**

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

| প্রকল্পের নাম | বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|
| 1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS (1st revised) | ১৭৭ | ৫৩.৬৩ (৩০.৩১ শতাংশ) | - |
| 2. Social Security Policy Support Programme (2nd revised) | ১,৯৯৮ | ১,১৮৫.৩৭ (৫৯.৩২ শতাংশ) | - |
| 3. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V) | ২০৩ | ৭৪.৩১ (৩৬.৬০ শতাংশ) | - |
| মোট | ২,৩৭৮ | ১,৩১৩.৩১ (৫৫ শতাংশ) | - |

**খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:**

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| | - | - | - |

**গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা:**

**(৫) উৎপাদন বিষয়ক :** প্রযোজ্য নয়।

**(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

**(৭) অডিট আপত্তি:**

ক.অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

| মন্ত্রণালয়/ সংস্থা | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ৩৩টি | ১৫.৯৮ | - | - | ৩৩টি | মন্ত্রিপরিষদ বিভাগে মোট ৩৩টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের ১৯টি এবং বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি। অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। |
| দুর্নীতি দমন কমিশন | ২৫টি | ২০৯.৪৩ | ২টি | ৩টি | ২২টি | - |
| মোট | ৫৮টি | ২২৫.৪১ | ২টি | ৩টি | ৫৫টি | - |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

**(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)**

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ | পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (মার্চ মাসের ১ তারিখে) | মার্চ মাসে শুরু হওয়া মামলার সংখ্যা | মার্চ মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকরিচ্যুতি/ বরখাস্ত | অন্যান্য দণ্ড | অব্যাহতি | | |
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | ১ | - | - | - | - | ১ | - |
| **দুর্নীতি দমন কমিশন** | ১৫ | - | - | - | - | ১৫ | ৩ |
| **মোট** | ১৬ | - | - | - | - | ১৬ | ৩ |

**(৯) মানবসম্পদ উন্নয়ন**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

| মন্ত্রণালয়/ সংস্থা | ক্রম | প্রশিক্ষণ কর্মসূচি | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সি | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১. | 'Budget Management Specialist' শীর্ষক প্রশিক্ষণ | ১১ ফেব্রুয়ারি হতে ১০ মার্চ ২০২৫ | অর্থ বিভাগ | ১ জন |
| | ২. | 'সরকারি ক্রয় ব্যবস্থাপনা' শীর্ষক প্রশিক্ষণ | ২৩ ফেব্রুয়ারি হতে ৬ মার্চ ২০২৫ | জনপ্রশাসন মন্ত্রণালয় | ১ জন |
| দুর্নীতি দমন কমিশন | ১. | অনুসন্ধান ও তদন্ত সম্পর্কিত কার্যক্রম, আইন ও বিধানাবলি সংক্রান্ত বিশেষ প্রশিক্ষণ | ২-৬ মার্চ ২০২৫ | দুর্নীতি দমন কমিশন | ৩০ জন |
| | ২. | অনুসন্ধান ও তদন্ত সম্পর্কিত কার্যক্রম, আইন ও বিধানাবলি সংক্রান্ত বিশেষ প্রশিক্ষণ | ৯-১৩ মার্চ ২০২৫ | দুর্নীতি দমন কমিশন | ৩০ জন |
| | ৩. | অনুসন্ধান ও তদন্ত সম্পর্কিত কার্যক্রম, আইন ও বিধানাবলি সংক্রান্ত বিশেষ প্রশিক্ষণ | ১৬-২০ মার্চ ২০২৫ | দুর্নীতি দমন কমিশন | ৩০ জন |

**খ. ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:**

মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ২০২৪-২৫ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বাৎসরিক ৬০ ঘন্টা) চলমান এবং ১০-২০ গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের জন্য ২০২৪-২৫ অর্থবছরের সঞ্জীবনী প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।

**গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।**

**ঘ. মন্ত্রণালয়ে অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন-দ্যা-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: নেই।**

**ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা:** প্রযোজ্য নয়।

**(১০) উল্লেখযোগ্য সমস্যা-সংকট: নেই।**

**ক.প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই**

**খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:**

(১) প্রতিবেদনাধীন মাসে উপদেষ্টা পরিষদ-বৈঠক চারটি; সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির চারটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির তিনটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) উপদেষ্টা পরিষদ-বৈঠকে ৪৮টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে, ১৭টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে, ৩১টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে। প্রতিবেদনাধীন মাসে ৮টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ৩৪টি প্রস্তাব ডি-নথিতে উপস্থাপনপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ৫টি প্রস্তাব ডি-নথিতে উপস্থাপনপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(৪) ২ মার্চ ২০২৫ তারিখে জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভা এবং ১৭ মার্চ ২০২৫ তারিখে ‘আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি’র সভা অনুষ্ঠিত হয়েছে।

(৫) মার্চ ২০২৫ মাসে ‘জনপ্রশাসন বিষয়ক কমিটি’ এবং ‘কেন্দ্রীয় ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনা’ সংক্রান্ত বিষয় পর্যালোচনা কমিটি গঠন করা হয়েছে।

(৬) War Book 2023 এবং এর সংলগ্নীদ্বয়ের ৯৫ জন অভিরক্ষকের মধ্য থেকে ৯১ জন অভিরক্ষকের নিকট থেকে জানুয়ারি ২০২৫ প্রান্তিকের নিরাপদ হেফাজতের প্রত্যয়নপত্র পাওয়া গেছে।

(৭) অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা ১২ হতে ১৪ ফেব্রুয়ারি ২০২৫ মেয়াদে দুবাই, সংযুক্ত আরব আমিরাত সরকারি সফর করেন। মাননীয় প্রধান উপদেষ্টার প্রস্থান ও প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়েছে।

(৮) মার্চ ২০২৫ মাসে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ২৬টি অভিযোগ পাওয়া গেছে। উক্ত অভিযোগসমূহের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৯) মার্চ ২০২৫ মাসে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ১১টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। (ক) নিষ্পত্তিকৃত অভিযোগসমূহের মধ্যে ১০টি অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে; (খ) ১টি অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে।

(১০) জাতীয়ভাবে চৈত্র সংক্রান্তি ও বাংলা নববর্ষ এবং চাকমা, মারমা, ত্রিপুরা, গারো ও অন্যান্য জাতিগোষ্ঠীর নববর্ষ ১৪৩২ উদ্‌যাপন উপলক্ষ্যে ২ দিনব্যাপী অনুষ্ঠান পরিকল্পনার জন্য সকল কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১১) ‘জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৫’ উদ্‌যাপনের নিমিত্ত ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত জাতীয় টাস্কফোর্স কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২৫ এবং দাখিল পরীক্ষা ২০২৫ গ্রহণের বিষয়ে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৩) মাঠ প্রশাসন হতে নিয়মিত বাজার মনিটরিং বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৪) প্লাস্টিক দূষণ রোধে ঈদ যাত্রায় নৌযানে পলিথিন ব্যাগসহ সিঙ্গেল ইউজ প্লাস্টিক পরিবহন ও ব্যবহার বন্ধ বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) সাতক্ষীরা মেডিকেল কলেজ ক্যাম্পাসে বিভিন্ন সমস্যা সমাধান বিষয়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৬) উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম পরিচালনা নীতিমালা, ২০২৫-এর ওপর মতামত প্রদান বিষয়ে সকল কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৭) অবৈধ ইটভাটা বন্ধে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়নের লক্ষ্যে নির্দেশনা প্রদানের বিষয়ে সকল কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৮) বিদ্যুৎ আইন, ২০১৮-এর আওতায় মোবাইল কোর্ট পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক (পার্বত্য জেলাসমূহ ব্যতীত) বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) মাগুরা মেডিকেল কলেজের স্থায়ী ক্যাম্পাস নির্মাণ বিষয়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।

(২০) দেশব্যাপী জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন যথাযথভাবে উদ্‌যাপন বিষয়ে সকল কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(২১) জবরদখলকৃত বনভূমি উদ্ধারে জেলাভিত্তিক টাস্কফোর্স গঠন কমিটিতে জেলা প্রশাসককে সভাপতি এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাকে সদস্য হিসেবে অন্তর্ভুক্তিতে সম্মতি প্রদান করে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(২২) বিভাগীয় ও জেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষা টাস্কফোর্স কমিটি এবং উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষা এডহক কমিটির সভাপতি হিসেবে যথাক্রমে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে অন্তর্ভুক্তিতে সম্মতি প্রদান করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(২৩) জেলাপ্রশাসক সম্মেলন স্মারক-২০২৫ সকল কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা হয়েছে।

(২৪) জেলাপ্রশাসক সম্মেলন ২০২৫-এর সিদ্ধান্তসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

(২৫) বিভিন্ন মামলায় ৩ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে অভিযোগপত্র (চার্জশীট) দাখিল এবং ৫ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগ অনুসন্ধানে প্রমাণিত না হওয়ায় দুর্নীতি দমন কমিশন কর্তৃক পরিসমাপ্তি করা হয়েছে মর্মে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দুর্নীতি দমন কমিশন কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করা হয়। তদপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে মার্চ ২০২৫ মাসে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হয়েছে।

(২৬) বিভিন্ন আইনে বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত ৪৯ জন কর্মকর্তার অনুকূলে মোবাইল কোর্ট আইন ২০০৯ এর ৫ ধারা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(২৭) দুর্নীতি দমন কমিশনে ২ জন পরিচালককে প্রেষণে যোগদানের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(২৮) বিভাগীয় কমিশনার, রংপুর এবং ১৬ জন জেলা প্রশাসক ও কিছু সংখ্যক উপজেলা নির্বাহী অফিসারকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আয়োজিত সভা/কর্মশালায় অংশগ্রহণের অনুমতি দেয়া হয়েছে।

(২৯) মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক বিভিন্ন জেলা/উপজেলা পরিদর্শন করা হয়। প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।

(৩০) সারাদেশের গ্রাম আদালতের মামলা পর্যালোচনা ও পরিবীক্ষণ করা হয়েছে।

(৩১) আইন-শৃঙ্খলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির ৭ম সভার কার্যবিবরণী সকল কমিশনার ও জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়েছে।

(৩২) গাজীপুর জেলাধীন শ্রীপুর উপজেলার তেলিহাটি ইউনিয়নে ২৩ নভেম্বর ২০২৪ তারিখে ইসলামিক ইউনির্ভাসিটি অব টেকনোলজি (আইইউটি), গাজীপুরের শিক্ষার্থী বহনকারী একটি দ্বিতল বিআরটিসি বাস বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ৩ জন শিক্ষার্থী নিহত এবং কয়েকজন শিক্ষার্থী আহত হওয়ার ঘটনার তদন্ত কমিটির প্রতিবেদনের আলোকে ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সচিব, বিদ্যুৎ বিভাগ ও জেলা প্রশাসক গাজীপুরকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

(৩৩) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে ১০ মার্চ ২০২৫ তারিখে উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থসংশ্লিষ্ট মামলা পরিচালনা কার্যক্রম পরিবীক্ষণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির অষ্টম সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩৪) গুম সংক্রান্ত কমিশন অফ ইনকোয়ারির মেয়াদ ৩ মাস বর্ধিত করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(৩৫) জাতীয় স্বাধীন তদন্ত কমিশনের মেয়াদ ৩ মাস বর্ধিত করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(৩৬) ১৮, ১৯ ও ২০ মার্চ ২০২৫ তারিখে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের ৬৬ জন কর্মকর্তার সমন্বয়ে অভীষ্ট-১৬ এর অগ্রগতি পর্যালোচনা ও সমস্যা চিহ্নিতকরণ সংক্রান্ত ৩টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

(৩৭) বাংলাদেশে এসডিজি'র জাতীয় অগ্রাধিকার লক্ষ্যমাত্রা অর্জন (NPT) এবং এসডিজির স্থানীয়করণ কার্যক্রম গতিশীলকরণের জন্য মাঠ প্রশাসনের অফিসসমূহকে তাদের অগ্রাধিকার সূচক অবহিতকরণের নিমিত্ত বিভাগীয় কমিশনার ও জেলাপ্রশাসকদের পত্র দেয়া হয়েছে।

(৩৮) 'The Fourth International Conference on Financing for Development (FIDA)'-এর সঙ্গে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের সম্পৃক্ততা সংক্রান্ত বিরাধ নিষ্পত্তির লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটির সভা ১৯ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

(৩৯) জাতীয় পুরস্কার/পদক সংক্রান্ত নির্দেশাবলি ২০২৫ প্রস্তুত এবং মুদ্রণ করা হয়েছে।

(৪০) স্বাধীনতা পুরস্কার ২০২৫-এর অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন করা হয়েছে।

(৪১) নারী বিষয়ক সংস্কার কমিশন; শ্রম সংস্কার কমিশন; স্থানীয় সরকার সংস্কার কমিশন; গণমাধ্যম সংস্কার কমিশন এবং স্বাস্থ্যখাত সংস্কার কমিশন-এর প্রতিবেদন দাখিলের মেয়াদ আগামী ৩০ এপ্রিল ২০২৫ পর্যন্ত বৃদ্ধি সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(৪২) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক ১২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ হতে 'জাতীয় ঐকমত্য কমিশন'-কে সাচিবিক সহায়তা প্রদানের বিষয়ে সংশোধিত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(৪৩) স্বাস্থ্য সেবা বিভাগের প্রস্তাব অনুযায়ী স্বাস্থ্য সংস্কার কমিশনের সদস্যগণের নাম ও পদবি সংশোধনপূর্বক প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(৪৪) ৩ মার্চ ২০২৫ তারিখে সেবা সহজিকরণের মাধ্যমে সহজিকৃত সেবাসমূহ বাস্তবায়নের জন্য সকল সিনিয়র সচিব/সচিব বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৪৫) ২৩ মার্চ ২০২৫ তারিখে বিভিন্ন মন্ত্রণালয়ের সফট্ওয়্যার সিস্টেম ও ই-সার্ভিসসমূহের Interoperability নিশ্চিতকরণে জরুরি নির্দেশনা সংক্রান্ত প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করা হয়েছে।

(৪৬) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কাঠামো পুনর্গঠনের লক্ষ্যে গঠিত কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে।

(৪৭) সরকারের সংস্কার কর্মসূচির আলোকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কাঠামো পুনর্গঠনের জন্য সুপারিশ প্রদানের লক্ষ্যে গঠিত উপকমিটির সভা আয়োজন করা হয়েছে।

(৪৮) ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'তে মন্ত্রিপরিষদ বিভাগের প্রকল্পের চাহিদা এবং নতুন অননুমোদিত উন্নয়ন প্রকল্পের তালিকা ADP/RADP Management System (AMS)-এ এন্ট্রি প্রদান করে পরিকল্পনা কমিশন বরাবর প্রেরণ করা হয়েছে।

(৪৯) Rules of Business, 1996-এর Rule 25(1) অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগসমূহের ফেব্রুয়ারি ২০২৫ মাসের কার্যাবলি সম্পর্কিত খসড়া মাসিক প্রতিবেদন সারসংক্ষেপসহ মাননীয় প্রধান উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়েছে।

## গ. আগামী (এপ্রিল-মে ২০২৫) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) উপদেষ্টা পরিষদ-বৈঠক; জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি; নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি; সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি; প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি; আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি’র সভা আয়োজন।

(২) উপদেষ্টা পরিষদ কমিটি/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(৩) উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য ১৬টি আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন।

(৪) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা আয়োজন।

(৫) ১৯৯৭ এবং ১৯৯৮ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের কার্যবিবরণী, বিজ্ঞপ্তি ও সারসংক্ষেপসমূহ স্থায়ীভাবে সংরক্ষণের জন্য জাতীয় আরকাইভসে হস্তান্তর।

(৬) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২০৬তম সভা আয়োজন।

(৭) প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১১৯তম সভা আয়োজন।

(৮) মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন।

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব